



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-সিলেট

কর ভবন, ১৩১ বুরহান উদ্দিন রোড, মেন্দিবাগ, সিলেট।
www.taxeszonesylhet.gov.bd

নথি নং-প্র-১(১৫)/কঃঅঃ-সিলেট/২০২৩-২০২৪/

তারিখঃ ১৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২৩ খ্রি.

অফিস আদেশ

যেহেতু, আপনি জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, নিরাপত্তা প্রহরী, উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-১৬ (হবিগঞ্জ), কর অঞ্চল-সিলেট কোন প্রকার ছুটি ব্যতিরেকে বিনা অনুমতিতে বিগত ০১/০১/২০১৪ হইতে অদ্যাবধি পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

যেহেতু, আপনি জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন এর বিরুদ্ধে ২০১৮ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩ (খ) ও ৩ (গ) মোতাবেক যথাক্রমে “অসদাচরণ” ও “ডিজারসন” এর অভিযোগে অত্র দপ্তরের প্র-১(১৫)/কঃঅঃ-সিলেট/২০২৩-২০২৪/৪১৮, তারিখ: ১৯/০৯/২০২৩ খ্রি. তারিখের স্মারকে যথাযথভাবে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে বিভাগীয় মামলা বুজু করা হয়।

যেহেতু, আপনি জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন এর বরাবরে জারীকৃত অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর বিপরীতে কোন জবাব/ সাড়া প্রদান করেননি কিংবা আত্মপক্ষ সমর্থন/ শুনানী প্রদান করেননি।

যেহেতু, আপনি জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন এর অভিযোগের মাত্রা বিবেচনায় ন্যায় বিচারের স্বার্থে তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্র-৮/কঃঅঃসিলেট/২০২৩-২০২৪/৫৬১, তারিখ: ২৭/১১/২০২৩ খ্রি. এর প্রতিবেদনে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” ও ৩ (গ) অনুযায়ী “পলায়ন” (Desertion) অভিযোগ প্রমাণিত হয়।

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” (Desertion) এর দায়ে অভিযুক্ত করে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(গ) মোতাবেক কেন “চাকুরি হতে অপসারণ” করা হবেনা মর্মে দস্ত নির্ধারণপূর্বক উক্ত বিধিমালার ৭(৯) অনুযায়ী দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়। দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের প্রতিউত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে আপনি সন্তোষজনক জবাব প্রদান করতে ব্যর্থ হন।

সেহেতু, আপনি জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, নিরাপত্তা প্রহরী, উপ কর কমিশনারের কার্যালয়, সার্কেল-১৬ (হবিগঞ্জ), কর অঞ্চল-সিলেট-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৫)(গ) ও ৪(৫)(ঘ) এর বিধানমতে উক্ত বিধিমালার ৪(৩)(গ) অনুযায়ী ০১/০১/২০১৪ খ্রি. তারিখ হতে “চাকুরী হতে অপসারণ” (Removal from Service) করা হলো।

স্বাঃ

৩১/১২/২০২৩ খ্রিঃ


সৈয়দ জাকির হোসেন
কর কমিশনার (চলতি দায়িত্ব)
কর অঞ্চল-সিলেট।

নথি নং-প্র-১(১৫)/কঃঅঃ-সিলেট/২০২৩-২০২৪/ ৭০৩ (৭-৩৪)

তারিখঃ ১৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
- ২। অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-সিলেট;
- ৩। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্ট এর কার্যালয়, সিলেট।
- ৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ;
- ৫। অত্র কর অঞ্চলের সকল সার্কেল/শাখা।
- ৬। সহকারী প্রোগ্রামার, কর অঞ্চল-সিলেট (কর অঞ্চল-সিলেট এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৭। চাকুরী হতে অপসারণকৃত সংশ্লিষ্ট কর্মচারী জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, নিরাপত্তা প্রহরী, উপকর কমিশনারের কার্যালয়, সার্কেল-১৬ (হবিগঞ্জ), কর অঞ্চল-সিলেট।
- ৮। অফিস কপি।



এ.কে.এম ইসমাইল আহমেদ
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-সিলেট